



জাত পরিচিতি

ব্রি হাইব্রিড ধান৬ আমন মৌসুমের জাত। এর কৌলিক সারি বিআর২১১২এইচ (BR1361H)। জাতটির মাতৃ সারি ইরি (IRRI) ও পিতৃ সারি ব্রি কর্তৃক উদ্ভাবিত। এ জাতের ক্রস কমিশনেশন হলো আইআর৭৯১৫৬৩/ব্রি২০আর (IR79156A/BRR 20R)। জাতটি আমন মৌসুমে ঢাকা, চট্টগ্রাম ও যশোর অঞ্চলে কৃষক পর্যায়ে চাষাবাদের জন্য অবমুক্ত করা হয়েছে।



ব্রি হাইব্রিড ধান৬

জাতের বৈশিষ্ট্য

- গাছের উচ্চতা ১০৫-১১০ সেমি।
- কান্ড শক্ত বিধায় ঢালে পড়ার সম্ভাবনা নেই।
- স্বাভাবিক অবস্থায় প্রতি গাছে কুশির সংখ্যা ১২-১৫টি।
- চালে অ্যামাইলোজের পরিমাণ শতকরা ২৪ ভাগ এবং প্রোটিনের পরিমাণ শতকরা ৯ ভাগ।
- দানার আকৃতি সরু ও লম্বা এবং ভাত ঝরঝরে।
- ১০০০ দানার ওজন ২২.৬গ্রাম।
- আমন মৌসুমে পিতৃ ও মাতৃ সারির জীবনকালের পার্থক্য ৩ দিন ও বোরো মৌসুমে ৬ দিন। উভয় মৌসুমে এই জাতটির বীজ উৎপাদন সম্ভব।
- আমন মৌসুমে বীজ উৎপাদনে ফলন ১.৫-২.০ টন এবং বোরো মৌসুমে বীজ উৎপাদনে ফলন ২.৩-২.৫ টন।

জীবনকাল: এ জাতের জীবন কাল ১১০-১১৫ দিন।

ফলন: ব্রি হাইব্রিড ধান৬ এর গড় ফলন ৬.০-৬.৫ টন/হেক্টর।

চাষাবাদ পদ্ধতি

১. স্বল্প জীবনকাল বিধায় বীজতলায় বীজ বপনের সময়ঃ ২১-৩১ আষাঢ় (৫ জুলাই-১৫ জুলাই)।
২. চারা রোপনঃ ১৫-২৬ শ্রাবণ (৩০ জুলাই-১০ আগষ্ট)।
৩. বীজের হারঃ ১৫ কেজি/হেক্টর।
৪. চারার বয়সঃ ২১-২৫ দিন।
৫. রোপণ দূরত্বঃ ২০ সেমি × ১৫ সেমি
৬. চারার সংখ্যাঃ প্রতি গুচ্ছে ২-৩টি এবং চারা লাগানোর ৫-৭ দিনের মধ্যে মরা গুছি একই বয়সের চারা দ্বারা পূরণ (Gap Filling) করতে হবে।
৭. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

ইউরিয়া	টিএসপি	এমওপি	জিপসাম	জিংক
২৭	৮	৭	৮	১

জমি চাষের সময় ৭ কেজি ইফরিয়া, ৭ কেজি এমওপি এবং অন্যান্য সার পূর্ণ মাত্রায় মাটির সাথে মিশিয়ে দিতে হবে। চারা রোপনের ১০-১২ দিন পর ৪.৫ কেজি ও ২০-২৫ দিন পর ৪.৫ কেজি এবং সর্বশেষ ৩০-৩৫ দিন পর ৪ কেজি ইফরিয়া এবং ৪ কেজি এমওপি প্রয়োগ করতে হবে।
৮. আগাছা দমনঃ আগাছা দমনে আগাছানাশক ব্যবহার করলে প্রথম কিস্তির ইউরিয়া সার উপরি প্রয়োগের সাথে অনুমোদিত আগাছানাশক সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে এবং জমিতে সেচ দিয়ে পানি ১০-১৫ দিন ধরে রাখতে হবে।
৯. সেচ ব্যবস্থাপনাঃ সার উপরি প্রয়োগের পূর্বে জমি ২-৩ বার গুকিয়ে দিতে পারলে অধিক কুশি পাওয়া সম্ভব। পরিমিত সেচ ব্যবহার করতে হবে এবং ধানে দুধ আসা পর্যন্ত জমিতে প্রয়োজনীয় পানি ব্যবস্থা করতে হবে।
১০. রোগবলাই ও পোকামাকড় দমনঃ রোগ ও পোকামাকড়ের জন্য অনুমোদিত বলাই ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।
১১. ফসল কর্তনঃ ১৫-২৬ কার্তিক (৩০ অক্টোবর-১০ নভেম্বর)।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি। ই-মেইলঃ dr@brri.gov.bd

ফ্যান্ট শীট-ব্রি হাইব্রিড ধান৬